



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৩০, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/৩০ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ১৯৯-আইন/আয়কর/২০১৫।- Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, pelleted poultry feed উৎপাদন, গবাদি পশু, চিংড়ি ও মাছের pelleted feed উৎপাদন, বীজ উৎপাদন, স্থানীয়ভাবে উৎপাদিত বীজ বিপণন, গবাদি পশুর খামার, দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্যের খামার, ব্যাঙ উৎপাদন খামার, উদ্যান খামার প্রকল্প (horticulture), তুঁত গাছের চাষ, মৌমাছির চাষ প্রকল্প, রেশম গুটিপোকা পালনের খামার, ছত্রাক (mushroom) উৎপাদন খামার এবং ফুল ও লতাপাতার চাষ (floriculture) হইতে অর্জিত আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়কর হ্রাসপূর্বক নিম্নরূপে ধার্য করিল, যথা:

আয়ের পরিমাণ	আয়করের হার
প্রথম ১০ লক্ষ টাকা পর্যন্ত	৩%
পরবর্তী ২০ লক্ষ টাকা	১০%
অবশিষ্ট আয়ের উপর	১৫%

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ নজিবুর রহমান
সচিব।